



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৭

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ/ ২৩৯/১৩-৪৯৫৯

তারিখঃ ০৯ ডিসেম্বর ২০১৭

বরাবর

প্রধান প্রতিবেদক/বার্তা সম্পাদক

বিষয়: আন্তর্জাতিক মানবাধিকার দিবসের অনুষ্ঠান কাভার।

জনাব,

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ- এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নেবেন।

আগামী ১০ ডিসেম্বর ২০১৭ জাতীয় মানবাধিকার কমিশনের আয়োজনে মানবাধিকার দিবস উদযাপন করা হবে।

ঢাকায় সকাল ০৮.৩০ ঘটিকায় জমকালো র্যালি অনুষ্ঠিত হবে। র্যালি মানিক মিয়া এভিনিউ এর খামার বাড়ির কোণা থেকে শুরু হয়ে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে গিয়ে শেষ হবে। সকাল ১০.০০ ঘটিকায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথির আসন অলংকৃত করবেন জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরিন শারমিন চৌধুরী। সম্মেলনে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা জনাব গওহর রিজভী ; সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেনে হলেস্টেইন এবং জাতিসংঘের আবাসিক সমন্বয়ক মিস মিয়া সেপ্পা। জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান কাজী রিয়াজুল হক অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন।

অনুষ্ঠানে বিভিন্ন দেশ থেকে আগত জাতীয় মানবাধিকার কমিশনসমূহের সদস্য বৃন্দ, সরকারি ও বেসরকারি সংস্থার প্রতিনিধিবর্গ, স্থানীয় ও আন্তর্জাতিক সংস্থার কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন।

মানবাধিকার দিবসের র্যালি এবং সম্মেলনের উদ্বোধনী কাভারের জন্য প্রতিবেদক ও আলোকচিত্রী অ্যাসাইনমেন্ট দিতে বিশেষভাবে অনুরোধ করছি।

বার্তা প্রেরক

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

ফোনঃ ০১৭৯০৫৩৬৯৩৬